ভোরের কাগজ

তারিখ ... 6 MAY 2003 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অতিরিক্ত বেতন ফি'র বিরুদ্ধে বিক্ষোভ, ৮ মে ভিসি ঘেরাও

**চট্টগ্রাম অফিস :** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বেতন-ফি বৃদ্ধির সিদ্ধান্তের প্রতিবাদে এবং তা অবিলম্বে বাতিলের দাবিতে গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ে প্রগতিশীল ছাত্রজোটের উদ্যোগে প্রতিবাদ সমাবেশ ও বিক্ষোভ মিছিল হয়েছে। একই দাবিতে আগামী ৮ মে প্রগতিশীল ছাত্রজোট ভিসি কার্যালয় ঘেরাওয়ের কর্মসূচি ঘোষণা করেছে।

প্রসঙ্গত, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০০২-২০০৩ ইং শিক্ষাবর্ষে ভর্তিরত শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ফি আদায়সহ বিভিন্ন খাতে ছাত্রছাত্রীদের কাছ থেকে মোটা অংকের অতিরিক্ত অর্থ আদায়ের সিদ্ধান্ত হয়েছে। এর প্রতিবাদে গতকাল সকাল ১১টায় প্রগতিশীল ছাত্রজোট চাকসু ভবনের সামনে থেকে মিছিল শুরু করে প্রশাসনিক ভবনের সামনে গিয়ে সমাবেশ করে।

ছাত্র ইউনিয়ন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি রিপায়ন বড়ুয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে ছাত্রফ্রন্ট সভাপতি মঞ্জুরুল হক, ছাত্র ফেডারেশনের আহ্বায়ক হেলালউদ্দিন, ছাত্রনেতা দেব প্রসাদ দেবু প্রমুখ বক্তব্য রাখেন। সমাবেশে বক্তারা অভিযোগ করেন, শিক্ষা সংকোচনের অংশ হিসেবে এ দেশের শাসকগোষ্ঠী বিভিন্ন প্রতিক্রিয়াশীল নীতিগ্রহণ করে। উচ্চ শিক্ষাকে তারা বাণিজ্যিকিকরণ করছে।

ছাত্র নেতৃবৃন্দ বলেন, পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে প্রতিবছর সরকারি অনুদান ক্রমশ সংকুচিত হচ্ছে। রাষ্ট্রীয় প্রশাসন বিশ্ববিদ্যালয় প্রশাসনকে চাপ প্রয়োগ করে অভ্যন্তরীণ আয় বাড়ানোর জন্য। এরই ধারাবাহিকতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত বেতন ফি আদায় করা হচ্ছে। এমনকি কোনো কোনো ক্ষেত্রে রশিদ ছাড়াই অর্থ আদায় হচ্ছে বলে ছাত্রনেতারা অভিযোগ করেন। বক্তারা অবিলম্বে এ ধরনের প্রতিক্রিয়াশীল সিদ্ধান্ত বাতিলের দাবি জানিয়ে বলেন, না হলে সকল ছাত্রসমাজকে নিয়ে আরো কঠোর কর্মসূচি দেওয়া হবে।